তথ্য কমিশন

প্রত্নতত্ত্ব ভবন (৩য় তলা)
এফ-৪/এ, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

অভিযোগ নং ঃ ৫০/২০১৬

অভিযোগকারী ঃ জনাব মোঃ শফিকুল ইসলাম ভূইয়া
সাংবাদিক,দৈনিক খবর পত্র
পিতা-আব্বাস আলী ভূইয়া
৮২, শাহজাহানপুর
থানা-শাহজাহানপুর, ঢাকা।

প্রতিপক্ষ ঃ জনাব মোঃ ইউসুফ আলী মোল্লা
সচিব
ও
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই)
সারুলিয়া ইউনিয়ন পরিষদ
ডেমরা, ঢাকা ।

সিদ্ধান্তপত্র

(তারিখ ঃ ১৮-০৪-২০১৬ ইং)

অভিযোগকারী ১৭-০২-২০১৬ তারিখে ঢাকা জেলার ডেমরা থানার সারুলিয়া ইউনিয়ন পরিষদের সচিব জনাব ইউসুফ আলী মোল্লার বিরুদ্ধে তথ্য কমিশনে পুনরায় অভিযোগ দায়ের করেন। অভিযোগে তিনি উল্লেখ করেন যে, ১৮০/২০১৫ ও ১৮১/২০১৫ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কোন তথ্য সরহরাহ করেননি। তথ্য কমিশন ট্রাইব্যুনালের সিদ্ধান্ত মোতাবেক তথ্য প্রদান না করায় ইউপি সচিব ও ইউপি চেয়ারম্যান এর সাথে তিনি যোগাযোগ করলে বিভিন্ন ধরনের হুমকিসহ অকথ্য ভাষায় দু:ব্যবহার করে বলে অভিযোগে উল্লেখ করেছেন। যাচিত তথ্য পেতে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহনের দাবিসহ পুনরায় ১৭-০২-২০১৬ তারিখে তথ্য কমিশনে অভিযোগ দায়ের করেন। উল্লেখ্য, ১৮০/২০১৫ নং অভিযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

২০১০-২০১১, ২০১১-২০১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ অর্থ বৎসরে সারুলিয়া ইউনিয়ন পরিষদে নিম্ন বর্ণিত তথ্যঃ

১) সারুলিয়া ইউনিয়ন পরিষদের রাজস্ব বা নিজস্ব তহবিল দ্বারা অবকাঠামো উন্নয়ন প্রকল্পসমূহের নাম, প্রকল্পের প্রাক্কলন, প্রকল্প রেজুলেশন, প্রকল্প কমিটির তালিকা, প্রকল্প মেজারমেন্ট বা পরিমাপ ব্যয় বরাদ্দ।
২) সংস্থাপন ব্যয়, সামাজিক খাতের ব্যয়, উন্নয়নখাতের ব্যয় এর বিস্তারিত।
৩) সারুলিয়া ইউনিয়ন পরিষদের ট্রেড লাইসেন্স বাবদ আয়, হোল্ডিং ট্যাক্স বাবদ আয়, রিক্সা, ভ্যান লাইসেন্স বাবদ আয়, ইমারত নক্সা অনুমোদন বাবদ আয়, হাট বাজার খাতের আয়, বিভিন্ন ব্যক্তি ও সংস্থা থেকে প্রাপ্ত আয় ও ব্যয়ের পূর্ণাঙ্গ তথ্য।
৪) হাট বাজার খাতের অবকাঠামো উন্নয়ন প্রকল্পের প্রাক্কলন মেজারমেন্ট ও ব্যয় বরাদ্দ।
৫) উপজেলা/উন্নয়ন সার্কেল থেকে সারুলিয়া ইউনিয়ন পরিষদে প্রাপ্ত এডিপি ও রাজস্ব প্রকল্পসমূহের প্রাক্কলন মেজারমেন্ট ব্যয় বরাদ্দ তথ্য।

এবং ১৮১/২০১৫ নং অভিযোগে নিম্নলিখিত তথ্য জানতে চেয়ে আবেদন করেন-

২০১০-২০১১, ২০১১-২০১২, ২০১২-২০১৩, ২০১৩-২০১৪ এবং ২০১৪-২০১৫ অর্থ বৎসরে সারুলিয়া ইউনিয়ন পরিষদে নিম্ন বর্ণিত তথ্যঃ

১) (ক) কাবিখা, (খ) কাবিটা, (গ) টিআর, (ঘ) কর্মসৃজন বা কর্মসংস্থান উল্লেখিত প্রকল্প সমূহের প্রাক্কলন, প্রকল্প রেজুলেশন, প্রকল্প কমিটির তালিকা, প্রকল্প মেজারমেন্ট ব্যয়খাত, ব্যয় বরাদ্দ।
২) সারুলিয়া ইউনিয়ন পরিষদের ১% স্থাবর সম্পত্তি হস্তান্তর করের আওতায় প্রকল্প সমূহের প্রাক্কলন, প্রকল্প রেজুলেশন, দরপত্রের আহ্বান, দরপত্র মূল্যায়ন, কার্যাদেশ, প্রকল্প কমিটির তালিকা, প্রকল্পের মেজারমেন্ট বা পরিমাপ ব্যয় বরাদ্দ।

২। ২৯-০২-২০১৬ তারিখের সভায় অভিযোগটি আমলে নিয়ে ২৯-০৩-২০১৬ তারিখ শুনানীর দিন ধার্য করে সমন জারী করার সিদ্ধান্তের প্রেক্ষিতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতি সমন জারী করা হয়।

৩। অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হাজির। শুনানীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এর পক্ষে বিজ্ঞ এ্যাডভোকেট সময়ের আবেদন করলে তা মঞ্জুর করে পরবর্তী ১৮-০৪-২০১৬ তারিখ পুনরায় অভিযোগকারী এবং প্রতিপক্ষে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) ও চেয়ারম্যান, সারুলিয়া ইউনিয়ন পরিষদ, ডেমরা, ঢাকা প্রতি সমন জারী করা হয়।

৪। শুনানীতে অভিযোগকারী ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা এবং আপীল কতৃপক্ষের পক্ষে বিজ্ঞ আইনজীবী হাজির। অভিযোগকারী তার বক্তব্যে উল্লেখ করেন যে, ১৮০/২০১৫ ও ১৮১/২০১৫ নং অভিযোগের বিষয়ে শুনানীঅন্তে তথ্য কমিশন কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত অনুযায়ী দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কোন তথ্য সরহরাহ করেননি। যাচিত তথ্য পেতে এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্য তথ্য কমিশনের হস্তক্ষেপ কামনা করেন ।

৫। প্রতিপক্ষ দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) এর পক্ষে বিজ্ঞ আইনজীবী তার বক্তব্যে উল্লেখ করেন যে, অভিযোগকারীর চাহিত তথ্যাদি প্রস্তুত করা হয়েছে এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীকে পূর্নাঙ্গ তথ্যাদি সরবরাহ করতে প্রস্তুত আছেন । অভিযোগকারীর তথ্যাদি সরবরাহ করার জন্য তিনি তথ্য কমিশনে সময় প্রার্থনা করেন এবং অত্র অভিযোগ থেকে অব্যাহতি দেওয়ার জন্য আবেদন করেন ।

পর্যালোচনা

উভয়পক্ষের বক্তব্য শ্রবণান্তে ও পর্যালোচনান্তে পরিলক্ষিত হয় যে, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) অভিযোগকারীর প্রার্থীত তথ্য কমিশনের নির্দেশনা অনুযায়ী সরবরাহের নিশ্চয়তা প্রদান করায় অভিযোগটি নিষ্পত্তিযোগ্য মর্মে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত।

বিস্তারিত পর্যালোচনান্তে নিম্নলিখিত নির্দেশনা প্রদানপূর্বক অভিযোগটি নিষ্পত্তি করা হলো ঃ-

১। তথ্যের মূল্য পরিশোধ সাপেক্ষে এই সিদ্ধান্ত প্রাপ্তির ০৭ দিনের মধ্যে অভিযোগকারীকে তার প্রার্থীত তথ্য, তথ্য অধিকার আইন, ২০০৯ অনুযায়ী সরবরাহের জন্য জনাব মোঃ ইউসুফ আলী মোল্লা, সচিব ও দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই), সারুলিয়া ইউনিয়ন পরিষদ, ডেমরা, ঢাকা কে নির্দেশনা দেয়া হলো। তবে ১৮১/২০১৫ নং অভিযোগে সংশ্লিষ্ট কাবিখা,কাবিটা ও টিআর সম্পর্কিত তথ্যাদির বিষয়ে প্রদত্ত পূর্ববর্তী নির্দেশনা বহাল রাখা হলো ।

২। তথ্য অধিকার আইন, ২০০৯ এর ধারা-৯ এবং তথ্য অধিকার (তথ্য প্রাপ্তি সংক্রান্ত) বিধিমালা, ২০০৯ এর বিধি-৮ অনুযায়ী সরবরাহকৃত তথ্যের মূল্য বাবদ আদায়কৃত অর্থ ১-৩৩০১-০০০১-১৮০৭ নং কোডে সরকারী কোষাগারে জমা প্রদানের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (আরটিআই) কে নির্দেশ দেয়া হলো।

৩। নির্দেশনা বাস্তবায়ন/প্রতিপালন করে তথ্য কমিশনকে অবহিত করার জন্য উভয়পক্ষকে বলা হলো।

সংশ্লিষ্ট পক্ষগণকে অনুলিপি প্রেরণ করা হোক।

স্বাক্ষরিত	**স্বাক্ষরিত**	**স্বাক্ষরিত**
(প্রফেসর ড. খুরশীদা বেগম সাঈদ)	**(নেপাল চন্দ্র সরকার)**	**(অধ্যাপক ড. মোঃ গোলাম রহমান)**
তথ্য কমিশনার	তথ্য কমিশনার	প্রধান তথ্য কমিশনার